

DD (ATM)

24/3/2022

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
কুমিল্লা, ঢাকা
www.caab.gov.bdনম্বি নং-৩০.৩১.০০০০.২৩১.৩০.০০২.১৭-
১৪৪

তারিখঃ ২৬/০৩/২০২২খ্রিঃ

‘দরপত্র বিজ্ঞপ্তি’

এতদ্বারা সকল কাঠ ব্যবসায়ী/প্রতিষ্ঠান/ব্যক্তিবর্গকে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের পিএন্ডডি/কিউএস সার্কেল সংলগ্ন বিভিন্ন প্রজাতির ছোট-বড় ৫৬টি গাছ ও বিমান হ্যাঙ্গার শেট (শেট নং-৮) হতে র‍্যাব সদর দপ্তর পর্যন্ত রাস্তার দু’পাশের বিদ্যমান মরা গাছ ও গাছের ডালপালা (প্রয়োজনমত) কর্তৃপক্ষের উন্নয়ন প্রকল্পের স্বার্থে জরুরী ভিত্তিতে কর্তন/অপসারণের নিমিত্ত (যেখানে যে অবস্থায় আছে) বিক্রয়ের জন্য নিম্নলিখিত শর্তে দরপত্র আহবান করা যাচ্ছে :

ক্র: নং	বিবরণ	অবস্থান
১।	বিভিন্ন প্রজাতির ছোট-বড় ৫৬টি গাছ বিক্রয়	বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের পিএন্ডডি/কিউএস সার্কেল সংলগ্ন
২।	প্রতি সেট দরপত্র সিডিউলের নির্ধারিত মূল্য	১,০০০/- (এক হাজার) টাকা ও ১৫% ভ্যাট (অফেরতযোগ্য)
৩।	নির্ধারিত আনেষ্টমানি	আনেষ্টমানি হিসাবে বাংলাদেশের যে কোন তফসীলি ব্যাংক হতে বার্ষিক উদ্ধৃত দরের ১০% (শতকরা দশ ভাগ) হারে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নির্বাহী পরিচালক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা’র অনুকূলে দরপত্রের সাথে দাখিল করতে হবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
৪।	বন বিভাগ কর্তৃক গাছগুলোর ন্যূনতম মূল্য	১,১৯,৭৩৭/- (এক লক্ষ উনিশ হাজার সাতশত সাইত্রিশ) টাকা মাত্র
৫।	দরপত্র বিক্রয়ের স্থান ও সময়	অফিস চলাকালীন নিম্নবর্ণিত স্থানসমূহ হতে দরপত্র সিডিউল ক্রয় করা যাবে: (ক) নির্বাহী পরিচালক (হাঙ্গার/আবি) এর হিসাব শাখা (খ) সদর দপ্তর, হিসাব শাখা (গ) প্রশাসন (সম্পত্তি) শাখা, সদর দপ্তর
৬।	দরপত্র বিক্রয়ের শেষ তারিখ ও সময়	২৭/০৩/২০২২ খ্রি. তারিখ অফিস চলাচলকালীন সময় পর্যন্ত
৭।	দরপত্র দাখিলের স্থান তারিখ ও সময়	পরিচালক (প্রশাসন) এর দপ্তর, সদর দপ্তর, সিএএবি ২৮/০৩/২০২২ খ্রি. তারিখ বেলা: ১২.০০ ঘটিকা পর্যন্ত
৮।	দরপত্র খোলার স্থান, তারিখ ও সময়	পরিচালক (প্রশাসন) এর দপ্তর, সদর দপ্তর, সিএএবি ২৮/০৩/২০২২খ্রি. তারিখ বেলা: ১২.৩০ ঘটিকায় দরদাতাগণ অথবা তাদের প্রতিনিধিদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাস্তব খোলা হবে।

অন্যান্য শর্তাবলী: (ক) সাদা কাগজে পরিচালক (প্রশাসন) বরাবর দরপত্র সিডিউল ক্রয়ের জন্য আবেদন করতে হবে; (খ) সিডিউলে বর্ণিত দরপত্রের সকল শর্তাবলী প্রযোজ্য হবে; (গ) কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে দরপত্র গ্রহণ বা আংশিক বাতিল বা সমস্ত দরপত্র বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে; (ঘ) বিজ্ঞারিত শর্তাবলী দরপত্র সিডিউল হতে জানা যাবে।

(মো: জহিরুল ইসলাম)
পরিচালক (প্রশাসন)
ফোন-৮৯০১৪১২

বিভরণ:

- ১) পরিচালক (সিএনএস), সিএএবি (সিএএবি’র ওয়েবসাইটে প্রকাশ ও প্রচারের জন্য), সদর দপ্তর, ঢাকা
- ২) নির্বাহী প্রকৌশলী (সিডিউল), সিডিউল বিভাগ-২, সিএএবি
- ৩) সহকারী সম্পত্তি কর্মকর্তা-২, সম্পত্তি শাখা, সিএএবি
- ৪) পরিচালক (প্রশাসন) এর ব্যক্তিগত সহকারী, পরিচালক (প্রশাসন) মহোদয়ের সদয় অবলোকনের জন্য
- ৫) সার্ভেয়ার/ড্রাফটসম্যান, সম্পত্তি শাখা, সিএএবি